

101/Beng(N)

UG/1st Sem/BENG-CC-101/24

২০২৪

বাংলা

(মেজর)

(NEP পাঠক্রম অনুসারী)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-101

বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (প্রথম ভাগ)
[NEP-2020]

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$
- ক) কে, কোথা থেকে চর্যার পুঁথি উদ্ধার করেন?
- খ) 'হাজার বছরের পুরান বাংলা ভাষায় বৌদ্ধ গান ও দোহা'— এই গ্রন্থে যে পুঁথিগুলি অন্তর্ভুক্ত হয়েছে তার মধ্যে 'চর্যাচয়-বিনশ্চয়' ব্যতিরেকে অন্যদুটির নাম লেখো।
- গ) মধ্যযুগে বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন গ্রন্থ কী? গ্রন্থটির রচয়িতার নাম লেখো।
- ঘ) 'এ বঙ্গের অলঙ্কার' এক কবি অপর এক কবি সম্পর্কে একথা লিখেছেন।— কে কার সম্পর্কে বলেছেন?
- ঙ) চণ্ডীদাসের 'ভাবশিষ্য' কে? দ্বিতীয় বিদ্যাপতি কাকে বলা হয়?
- চ) বাংলা ভাষায় চৈতন্যজীবনী গ্রন্থগুলির মধ্যে আদি গ্রন্থ কোনটি? রচনাকারের নাম লেখো।

[পরের পাতায়]

- ছ) চৈতন্য পরবর্তী মঙ্গলকাব্য ধারায় মনসামঙ্গলের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্যটির নাম লেখো।
- জ) ধর্মমঙ্গল কাব্যে যে দুটি কাহিনি দেখা যায় তাদের নাম উল্লেখ করো।
- ঝ) লোরচন্দ্রানী কাব্যের প্রথম অংশ ও শেষ অংশের কবিদের নাম উল্লেখ করো।
- ঞ) কবি কমলাকান্তের জন্মস্থান কোথায়? তাঁর ভনিতায় কতগুলি পদ পাওয়া গেছে?
- ট) শাক্তপদাবলী ব্যতিরেকে রামপ্রসাদ সেনের অপর দুটি কাব্যের নাম লেখো।
- ঠ) 'ভাষা' কাকে বলে?
- ড) নব্য ভারতীয় আর্থভাষার বিস্তৃতিকাল লেখো। দুটি নব্যভারতীয় ভাষার উদাহরণ দাও।
- ঢ) বাংলা দন্ত্যধ্বনি ও মূর্ধন্যধ্বনির দুটি করে উদাহরণ দাও।
- ণ) কোন্ লিপি থেকে বাংলা লিপির উদ্ভব? আনুমানিক কোন্ শতাব্দীতে বাংলা বর্ণমালা নিজস্ব রূপ ধারণ করেছিল?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) বাংলা সাহিত্যে আদি যুগের নিদর্শন চর্যাপদে প্রতিফলিত তৎকালীন সমাজচিত্র নিজের ভাষায় সংক্ষেপে লেখো।
- খ) যে-কোনো দুটি গ্রন্থ সম্পর্কে টীকা লেখো:
- ১) লোরচন্দ্রাণী
 - ২) শ্রীকৃষ্ণকীর্তন
 - ৩) শ্রীকৃষ্ণবিজয়
 - ৪) চৈতন্যভাগবত
- গ) রাখা চরিত্র অঙ্কনে বৈষ্ণব পদকর্তা চণ্ডীদাসের কৃতিত্ব আলোচনা করো।

ঘ) ধর্মমঙ্গল কাব্যে ঘনরাম চক্রবর্তীর কৃতিত্ব আলোচনা করো।

ঙ) বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস সংক্ষেপে লেখো।

চ) নিচের অনুচ্ছেদটি I. P. A-তে রূপান্তরিত করো:

পরশুরামের কেদার চাটুজে মশাই দূর থেকে বিস্তর মেমসাহেব দেখেছিলেন; আমিও দূর থেকে বিস্তর সিনেমা-স্টার, পলিটিশিয়ান আর ফুটবল খেলোয়াড় দেখেছি। দেখে ওঁদের প্রতি ভক্তি হয়েছে এবং গদ গদ হয়ে মনে মনে ওঁদের পেন্নাম জানিয়েছি।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) শাক্তপদাবলীতে বাঙালি সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

খ) বাংলা মঙ্গলকাব্যের ধারার শেষতম কবি রায়গুণাকর ভারতচন্দ্রের কবিকৃতি সম্পর্কে আলোচনা করো।

গ) বৈষ্ণব পদ রচয়িতা গোবিন্দদাসের কবি বৈশিষ্ট্য উদাহরণ সহযোগে আলোচনা করো।

ঘ) মধ্য বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।